



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)

Web: [uitrce.sujanagar.pabna.gov.bd](http://uitrce.sujanagar.pabna.gov.bd) Email: [ap\\_sujanagar@banbeis.gov.bd](mailto:ap_sujanagar@banbeis.gov.bd)

সুজানগর, পাবনা।



## ইউআইটিআরসিই, সুজানগর, পাবনা - এর ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়	:	২০/১০/২০১৯ খ্রিঃ রবিবার সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	:	ইউআইটিআরসিই, সুজানগর এর সভাকক্ষ।
সভার সভাপতি	:	জনাব সুজিৎ দেবনাথ, উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা।
উপস্থিতি	:	সভায় উপস্থিত কমিটির সদস্যবৃন্দের তালিকা “পরিশিষ্ট-ক” এ সন্নিবেশিত।

ইউআইটিআরসিই ব্যবস্থাপনা কমিটির সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার আহ্বান জানান। অতঃপর আলোচ্যসূচী অনুসারে নিম্নোক্ত ক্রমানুসারে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	UITRCE ভবনের জন্য বরাদ্দকৃত ভূমি ব্যবস্থাপনা	UITRCE স্থাপনের জন্য জমি বরাদ্দের নিমিত্ত উপজেলা পরিষদের সমন্বয় সভার সিদ্ধান্ত ও তার প্রেক্ষিতে স্থানীয় -সরকার বিভাগ কর্তৃক অনুমোদনের মাধ্যমে ০৫ (পাঁচ) কাঠা জমি বরাদ্দ প্রদান করা হয়। এই সংক্রান্ত সংশ্লিষ্ট নথি সহকারী প্রোগ্রামার সভায় উপস্থাপন করেন।  অন্য দপ্তর কর্তৃক ভবন নির্মাণ বা অন্য কোন কারণে UITRCE এর ০৫ (পাঁচ) কাঠা জমির অংশবিশেষ ব্যবহৃত হতে পারে বলে সহকারী প্রোগ্রামার ব্যানবেইস আশংকা প্রকাশ করেন।	০১। সভাপতি মহোদয় উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ারকে UITRCE এর জন্য বরাদ্দকৃত ০৫ (পাঁচ) কাঠা জমি চিহ্নিত করতে নির্দেশনা প্রদান করবেন।  ০২। সীমানা চিহ্নিত করার পর সংশ্লিষ্ট সীমানায় ছোট আকারের মার্কিং খুঁটি স্থাপন করতে হবে।  ০৩। চিহ্নিত সীমানার মধ্যে UITRCE ভবনের পূর্বদিকে এবং পেছনের অংশে ঔষধী বা ফলদ বৃক্ষ রোপন এবং ভবনের সামনের অংশে ফুলের বাগান তৈরী করা হবে।	০১। উপজেলা নির্বাহী অফিসার সুজানগর, পাবনা।  ০২। সহকারী প্রোগ্রামার ইউআইটিআরসিই সুজানগর, পাবনা।

HA


Handwritten signature

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০২.	UITRCE ভবনের পূর্ব এবং সামনের অংশে বেষ্টনী	ইউআইটিআরসিই ভবনের সামনে অংশে অবস্থিত ফুলের বাগানসহ ভবনের পূর্বদিকে অবস্থিত জেনারেটর এর পাশে গ্রিলের বেষ্টনী স্থাপনের বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পরিষদ এর মাধ্যমে উক্ত বেষ্টনী নির্মাণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। উপজেলা নির্বাহী অফিসার সুজানগর, পাবনা।  ০২। সহকারী প্রোগ্রামার ইউআইটিআরসিই সুজানগর, পাবনা।
০৩.	শিক্ষক ও কর্মকর্তা- কর্মচারীদের মোটরসাইকেল শেড	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ UITRCE কার্যালয়ে প্রশিক্ষণে আসেন বিধায় তাদের ব্যবহৃত মোটরসাইকেল রাখার জন্য উপজেলার এই অংশে একটি শেড প্রয়োজন। বৃষ্টি বা রোদে প্রশিক্ষনার্থী শিক্ষকবৃন্দের মোটরসাইকেল বাইরে থাকে। এ বিষয়ে করণীয় সম্পর্কে সভায় আলোচনা হয়।	০১। উপজেলার মাসিক সমন্বয় সভায় বিষয়টি উত্থাপন করতে হবে।  ০২। উপজেলা পরিষদ এর মাধ্যমে মোটরসাইকেল শেড তৈরী করার জন্য প্রয়োজনীয় যোগাযোগ ও উদ্যোগ নিতে হবে।	০১। উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা।  ০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুজানগর, পাবনা।  ০৩। সহকারী প্রোগ্রামার ইউআইটিআরসিই সুজানগর, পাবনা।
০৪.	UITRCE ভবনের গেইটের সামনে পানি জমাট	সামান্য বৃষ্টি হলে UITRCE ভবনের সামনে পানি জমাট হয়ে যায়। যার ফলে অফিসে যাতায়াতে সমস্যাসহ ভবনের সৌন্দর্য নষ্ট হচ্ছে।	উপজেলা প্রকৌশলীর সহায়তা নিয়ে সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। উপজেলা নির্বাহী অফিসার সুজানগর, পাবনা।  ০২। সহকারী প্রোগ্রামার ইউআইটিআরসিই সুজানগর, পাবনা।

১৫

১৫

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় ইউআইটিআরসিই ব্যবস্থাপনা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(সুজিৎ দেবনাথ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

ইউআইটিআরসিই ব্যবস্থাপনা কমিটি  
সুজানগর, পাবনা।

নং- ৩৭.২০.৭৬৮৩.০০০.১৬.১৩.১৭-১৬১ (৭)


তারিখঃ ২০/১০/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, ব্যানবেইস, ঢাকা।

অনুলিপি কার্যার্থেঃ

- ০১। সকল সদস্য, ইউআইটিআরসিই ব্যবস্থাপনা কমিটি, সুজানগর, পাবনা।
- ০২। অফিস কপি।

  
(মোঃ বিদ্যুৎ হোসাইন)

সহকারী প্রোগ্রামার

ইউআইটিআরসিই, ব্যানবেইস

সুজানগর, পাবনা।

ফোনঃ ০৭৩২৯-৫৬২২১

ইউআইটিআরসিই, সুজানগর, পাবনা - এর ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ২০/১০/২০১৯ খ্রিঃ রবিবার সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ

উপস্থিত সদস্যবৃন্দ	অনুপস্থিত সদস্যবৃন্দ
০১। জনাব সুজিৎ দেবনাথ উপজেলা নির্বাহী অফিসার সুজানগর, পাবনা।	০১। জনাব আবুল হাসেম সহকারী প্রকৌশলী এলজিইডি, সুজানগর, পাবনা।
০২। মোঃ ছাকমান আলী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সুজানগর, পাবনা।	
০৩। জনাব মোঃ আব্দুল কাউয়ুম উপজেলা শিক্ষা অফিসার সুজানগর, পাবনা।	
০৪। মোঃ বিদ্যুৎ হোসাইন সহকারী প্রোগ্রামার ইউআইটিআরসিই সুজানগর, পাবনা।	

১১